

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৮/২০১৫

অভিযোগকারী : আলহাজ্ব মোঃ মোবারক উল্যা

পিতা-মৃত লকিয়ত উল্যা পাটোয়ারী
ফ্ল্যাট নং-৩/সি, ভবন নং-০৬
রোড নং-০২, চেয়ারম্যানবাড়ী
বনানী, ঢাকা।

প্রতিপক্ষ : এ কে এম আলী আহাদ খান

উপ-সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২২-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী আলহাজ্ব মোঃ মোবারক উল্যা ০৯-০৯-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব রতন চন্দ্র পন্ডিত, উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- জাল-জালিয়াতির মাধ্যমে গার্ডেন মার্কেট লিঃ এর উদ্যোক্তাগণের শেয়ার আত্মসাৎ, কোম্পানীর কার্যালয় হইতে নথিপত্র চুরি ও গোপন করার মাধ্যমে কোম্পানীর স্বত্ত্বীয় জমি বিক্রয় করার ষড়যন্ত্রে লিপ্ত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত অভিযোগকারীর ০৭-০৩-২০১২ ইং, ২৭-০২-২০১৩ ইং ২২-০৯-২০১৩ ইং তারিখে দাখিলি দরখাস্তের প্রার্থনা অনুযায়ী সরকার তথা বাণিজ্য মন্ত্রণালয় হইতে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদির সত্যায়িত আলোকলিপি এবং এ সংক্রান্ত জয়েন্ট স্টক কোম্পানী ও ফার্মসমূহের রেজিস্ট্রার এর প্রতিবেদনের সত্যায়িত আলোকলিপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৬-১০-২০১৪ তারিখে সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর ০৭-০১-২০১৫ তারিখে ২৬.০০.০০০০.০৮৯.১৬.০০৮. ২০১১/০২ নং স্মারকের মাধ্যমে জনাব এ কে এম আলী আহাদ খান, উপ-সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, প্রশাসন-৪ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রদত্ত তথ্য ভুল, অসম্পূর্ণ, বিভ্রান্তিকর এবং প্রত্যয়ন না করেই সরবরাহ করা হয়েছে উল্লেখ করে অভিযোগকারী ০১-০২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী আলহাজ্ব মোঃ মোবারক উল্যা হাজির। প্রতিপক্ষ এ কে এম আলী আহাদ খান, উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং জনাব রতন চন্দ্র পন্ডিত, উপ-সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর আংশিক তথ্য পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। প্রতিপক্ষ জনাব রতন চন্দ্র পন্ডিত, উপ-সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি বর্তমানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নন। তিনি দায়িত্বে থাকা কালীন অভিযোগকারী আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে তার নিকট তথ্য না থাকায় সংশ্লিষ্ট দপ্তর (যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর) হতে সংগ্রহপূর্বক অভিযোগকারীকে সরবরাহ করেন।

(অ: পৃ: দ্র:)

০৬। এ কে এম আলী আহাদ খান, উপ-সচিব ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তরকে অভিযোগকারীর যাচিত তথ্য প্রদানের বিষয়টি অবগত করা হয়েছে এবং প্রাপ্ত তথ্য অভিযোগকারীকে প্রদান করা হয়েছে কিন্তু অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট নন। সমন পাবার পর পরবর্তীতে সংশ্লিষ্ট দপ্তর আরো কিছু তথ্য তাদের নিকট প্রেরণ করেছেন।

০৭। সংশ্লিষ্ট দপ্তর হতে ইতোমধ্যে প্রাপ্ত তথ্য অভিযোগকারীকে প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হলে কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তা অভিযোগকারীকে সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) আংশিক তথ্য সরবরাহ করেছেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত অবশিষ্ট তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০১-০৪-২০১৫ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত অবশিষ্ট তথ্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপ-সচিব ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার